

## কৃষকঃ সর্বদলীয় ছাত্র ঐক্যের ঘোষণা

### জাতীয় পর্যায়ে যাই ঘটুক শিবির রুখতে আমরা ঐক্যবদ্ধ

(বিশ্ববিদ্যালয় সংবাদনাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃত্ব বলেছেন, জাতীয় পর্যায়ে যাই ঘটুক না কেন শিবির রুখতে কৃষি বিশ্ববিদ্যালয়ে সকল ছাত্র সংগঠন ঐক্যবদ্ধভাবে তাদের বিরুদ্ধে লড়াই-সংগ্রাম চালিয়ে যাবে।

গতকাল সোমবার এক সাংবাদিক সম্মেলন থেকে একথা বলা হয়। সম্মেলন থেকে শিবিরের পৈশাচিক কার্যকলাপের বিরুদ্ধে সারাদেশে প্রতিরোধ গড়ে তোলার জন্য সকল গণতান্ত্রিক এবং প্রগতিশীল ছাত্র সংগঠনের প্রতি আহ্বান জানানো হয়।

বিকেল ৫টায় মধুর কেন্দ্রিনে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত-বক্তব্য পড়ে শোনান জাতীয়তাবাদী ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসান জাফির তুহিন। উপস্থিত ছিলেন কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ (শা-পা) নেতা সৈয়দ মাসাদুল হাসান, ছাত্রদল নেতা সামছুল আলম তোফা, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতা এ এফ এম আমিরউদ্দীন ও ছাত্র ইউনিয়ন নেতা অজুন মজুমদার।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে বলা হয়, কৃষি বিশ্ববিদ্যালয় দখল করার জন্য পূর্ব পরিকল্পনা অনুযায়ী বহিরাগত সন্ত্রাসীদের দিয়ে ১৫ই ডিসেম্বর রাত থেকে ছাত্রশিবির এলোপাতাড়ি গুলিবর্ষণ ও বোমা নিক্ষেপ করতে থাকে। পরের দিন বিজয় দিবসে কুয়াশা কেটে যাবার পর তারা দেখতে পায় তাদের নিজেদের গুলিতে

তাদেরই ৩ জন মারা পড়েছে। পরে সর্বদলীয় ছাত্র ঐক্যের অব্যাহত প্রতিরোধের মুখে তারা আগে থেকে ব্রহ্মপুত্র নদে ঠিক করে রাখা শ্যালো নৌকায় করে পালিয়ে যায়।

সাংবাদিক সম্মেলন থেকে সর্বদলীয় ছাত্র ঐক্যের দাবি না মেনে কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার ঘটনার তীব্র নিন্দা জানানো হয়। তারা বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার ঘটনা শিবিরের পক্ষে গেছে। তারা অবিলম্বে কৃষি বিশ্ববিদ্যালয় খুলে দেবার জোর দাবি জানান।

নেতৃত্ব শিবিরের সন্ত্রাসীদের গ্রেফতার না করে সর্বদলীয় ছাত্র ঐক্যের ৫ জন নেতাকে গ্রেফতারের তীব্র নিন্দা জানান। তারা অবিলম্বে গ্রেফতারকৃত নেতৃত্বকে ছেড়ে দেবার দাবি জানান।

#### জা'নগর সর্বদলীয় ছাত্র ঐক্যের মিছিল-সমাবেশ

কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্যকে অভিনন্দন জানিয়ে জাহাঙ্গীরনগর সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

সমাবেশে নেতৃত্ব বলেছেন, ইসলামী ছাত্র শিবিরের হামলা সাক্ষ্যজনকভাবে প্রতিরোধের মধ্য দিয়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্য সারাদেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ও পাড়া-মহল্লায় সর্বদলীয় ছাত্র ঐক্য গঠনের প্রয়োজনীয়তাকে তুলে ধরেছে।

সমাবেশে বক্তৃতা করেন ছাত্রদল নেতা সবুজ, ছাত্রলীগ (শা-পা) নেতা কাওহার, ছাত্র ইউনিয়ন নেতা ইউরেকা, সমাজ-তান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতা বোকন, ছাত্রলীগ (কা-চু) নেতা সিডনী ও ছাত্র ফেডা-রেশনের নেতা নাসির।

5/38